

জানিয়েছিলেন যে, রাতে
প্রশ্ন : ৮। 'আমেরিকার অসভ্য' এবং 'যুরোপীয় সভ্য' বলতে লেখক কাদের বুঝিয়েছেন তা
লেখো। ৪

● উত্তর : 'আমেরিকার অসভ্য' বলতে লেখক তাঁদেরই বুঝিয়েছেন, যাঁরা প্রাচীন কাল থেকেই
আমেরিকায় বসবাস করে আসছিলেন। এঁরা ছিলেন এই মহাদেশের আদিম মানুষ। 'যুরোপীয়
সভ্য' বলতে লেখক তাঁদের বুঝিয়েছেন, যাঁরা পরবর্তীকালে যুরোপ মহাদেশ থেকে এসে এখানে
বসবাস শুরু করছিলেন। এঁরা নিজেদের খুব সভ্য বলে মনে করতেন। তাই লেখক এঁদের
'যুরোপীয় সভ্য' বলেছেন।

প্রশ্ন : ৯। 'আপনি ইতঃপূর্বে আর কখনও আমায় দেখেছেন কিনা!' একথা কে বলেছেন?
—একথা বলবার কারণ কী, তা বুঝিয়ে বলো। ১ + ৪

● উত্তর : উপরের এই কথাগুলি বলেছিলেন যিনি, তিনি হলেন আমেরিকার আদিম নিবাসী মানুষ।
□ এই আদিম নিবাসী মানুষটি একদিন জঙ্গলে শিকার করতে বেরিয়ে সন্ধ্যার সময় পরিশ্রান্ত,
ক্ষুধার্ত এবং তৃষ্ণার্ত হয়ে এক যুরোপীয় ব্যক্তির কুটিরে এসে কিছু আহার এবং তৃষ্ণার জল প্রার্থনা
করেছিলেন। —যুরোপীয় ব্যক্তিটি এই আদিম নিবাসী মানুষকে কোনো খাদ্য ও পানীয় না দিয়ে
নিষ্ঠুরভাবে নিজের বাড়ি থেকে 'দূর হ' বলে তাড়িয়ে দিয়েছিলেন। —পরে ঘটনার চাকা ঘোরে!
ছয়মাস পরে ওই যুরোপীয় লোকটি জঙ্গলে শিকার করতে বেরিয়ে সন্ধ্যার সময় পথ হারিয়ে
এবং পরিশ্রান্ত ও ক্ষুধার্ত হয়ে আদিম নিবাসীর পর্ণশালায় এসে লোকালয়ের পথের দিশা জানতে
চান। হাতের কাছে পেয়েও আদিম নিবাসী মানুষটি ওই যুরোপীয় লোকটির সঙ্গে খারাপ ব্যবহার
করলেন না। বরং উত্তমভাবে সেবা ও পরিচর্যা করে তাঁকে রাতে তাঁর কুটিরে আশ্রয় দিলেন।
পরের দিন লোকালয়ের পথ দেখাতে গিয়ে উপরের কথাগুলি ওই যুরোপীয়কে তিনি বলেছিলেন।
—বলেছিলেন, দেখুন তো আগে কখনো আমায় দেখেছেন কি না! —একথা বলার কারণ হল
ওই ইউরোপীয় লোকটিকে জানিয়ে দেওয়া তিনি তার সঙ্গে কীরকম ব্যবহার করেছিলেন।